

All India Science Teachers' Association, West Bengal
SCIENCE APTITUDE AND TALENT SEARCH TEST - 2025

Time : 1 hr. 45 min.

Full Marks : 60

ষষ্ঠ শ্রেণি

নির্দেশাবলী : 1) উত্তরপত্রের বাম ও ডান উভয় দিকেই তোমার নাম, শ্রেণি, বিদ্যালয়ের নাম ও ক্রমিক নম্বর লিখতে হবে। 2) প্রশ্নপত্রে প্রত্যেক প্রশ্নের চারটি করে সম্ভাব্য উত্তর a), b), c), d) তে দেওয়া আছে। প্রথমে সঠিক বা সর্বোত্তম উত্তর কোনটি তা স্থির করবে। উত্তরপত্রে প্রশ্নের নম্বর ও তার পাশে চারটি বৃত্ত আছে, বৃত্তের ওপরে a), b), c), d) লেখা আছে। সঠিক উত্তরটি নির্বাচন করে সেই অক্ষরের নিচে যে বৃত্তটি আছে সেটিতে পরিষ্কারভাবে ডটপেন দিয়ে × চিহ্ন দাও, যেমন ○○×○; এখানে সঠিক উত্তর c)। 3) প্রতি ঠিক উত্তরের জন্য ১ নম্বর পাবে। ৩টি ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা যাবে। 4) প্রশ্নপত্রে কিছু লিখবে না। প্রশ্নপত্রে উত্তরে দাগ দেবে না। পরীক্ষার পর কেবল উত্তর পত্রটি জমা দেবে। 5) প্রয়োজনবোধে রাফ কাজ অতিরিক্ত সাদা কাগজে করতে পারো। 6) কোনো প্রশ্ন কঠিন মনে করলে তার জন্য অযথা সময় নষ্ট না করে পরবর্তী প্রশ্নের উত্তর দেওয়ার চেষ্টা কর। প্রথম উত্তর ভুল মনে হলে তা ● কালো কর এবং সঠিক উত্তরে ⊗ চিহ্ন দাও।

- সূর্যের পরেই পৃথিবীর নিকটতম নক্ষত্রের নাম প্রক্সিমা সেন্টাউরি। এই নক্ষত্র থেকে আলো পৃথিবীতে এসে পৌঁছাতে সময় নেয়
a) 8 মিনিট b) 1 ঘণ্টা c) 4 বছর d) 10 বছর
- সমুদ্রের গভীরে প্রচণ্ড ভূমিকম্পের ফলে সৃষ্টি হয়
a) ইয়াস b) সুনামি c) আয়লা d) টর্নেডো
- নিচে যে জোড়াটির দুটিই ধূমকেতু সেটি হল
a) শ্যুমেকার ও লিওনিড b) লিওনিড ও লেভি
c) লেভি ও পারসিড d) শ্যুমেকার ও লেভি
- গাছের ডালে ঝুলে থাকে এবং উড়তেও পারে যেটি সেটি হল
a) বাদুড় b) টিয়া c) চড়াই d) কাক
- পেশির সঙ্গে হাড়কে যুক্ত করে এবং পেশির শক্তিকে হাড়ে সঞ্চালিত করে
a) শিরা b) টেনডন c) ধমনী d) লিগামেন্ট

6-10. পরিবহন মাধ্যমের কয়েকটি যানবাহনের প্রতীক চিহ্ন নিচে দেওয়া হল।

সাইকেল	বাস	লরি	খেয়া নৌকা	সাইকেল রিক্সা	অটো রিক্সা	মোটর গাড়ি	মোটর সাইকেল

নিচের স্তম্ভ দুটিতে এক এক জোড়া যানবাহনের জন্য উপরের চিহ্নগুলো ব্যবহার করা হয়েছে। কোন জোড়া যানবাহনের জন্য যথাক্রমে কোন জোড়া চিহ্ন ঠিক তা নির্ণয় করে 6 -10 নং প্রশ্নের জন্য ঠিক বিকল্প নির্ণয় করো।

স্তম্ভ - I	স্তম্ভ - II
A. বাস ও লরি	i. ও
B. লরি ও মোটরগাড়ি	ii. ও
C. সাইকেল ও খেয়া নৌকা	iii. ও
D. সাইকেল ও অটো রিক্সা	iv. ও
E. বাস ও মোটর সাইকেল	v. ও
F. খেয়া নৌকা ও সাইকেল রিক্সা	vi. ও
G. মোটরগাড়ি ও সাইকেল রিক্সা	vii. ও

6. a) A → iii b) A → iv c) B → i d) F → iv
7. a) D → ii b) E → iv c) D → v d) F → iv
8. a) A → i b) B → ii c) C → iii d) E → iii
9. a) F → ii b) G → iii c) B → i d) E → iv
10. a) F → iii b) G → i c) E → vii d) G → v
11. রোগ প্রতিরোধকারী সকল উপাদান মূলত যা দিয়ে তৈরি তা হল

- a) প্রোটিন b) শর্করা c) চর্বি d) শ্বেতসার

12. রক্তের মধ্যে উপস্থিত যেটি রক্তকে জমাট বাঁধতে সাহায্য করে তা হল
- a) শ্বেত রক্ত কণিকা b) লোহিত রক্ত কণিকা
c) অনুচক্রিকা d) রক্তরস
13. নীচের ঠিক সম্পর্কটি হল
- a) চাপ \times ঘাত = ক্ষেত্রফল b) চাপ \times ক্ষেত্রফল = ঘাত
c) ঘাত \times ক্ষেত্রফল = চাপ d) চাপ \times ঘাত = (ক্ষেত্রফল)²
14. জলের মধ্যে চুন ফেললে যে শক্তির রূপান্তর ঘটে তা হল
- a) তাপশক্তি \rightarrow যান্ত্রিকশক্তি b) যান্ত্রিকশক্তি \rightarrow তাপশক্তি
c) রাসায়নিক শক্তি \rightarrow যান্ত্রিক শক্তি d) রাসায়নিক শক্তি \rightarrow তাপশক্তি
15. পৃথিবী যে বলে কোনও বস্তুকে আকর্ষণ করে তাকে ওই বস্তুর ওজন বলে।
ওজনের SI একক হল
- a) আর্গ b) ডাইন c) জুল d) নিউটন
16. উদ্ভিদের বৃদ্ধি পরিমাপ করার যন্ত্রের নাম হল
- a) গ্যালভানোমিটার b) অক্সানোমিটার
c) অ্যান্সিমিটার d) ব্যারোমিটার
17. গঠনগত দিক থেকে নীচের যেটি অন্যদের তুলনায় পৃথক সেটি হল
- a) লোহা b) স্টেনলেস স্টিল c) ক্রোমিয়াম d) তামা
18. নীচের যেটি তামার আকরিক সেটি হল
- a) কপার গ্লাস b) হেমাটাইট c) বক্সাইট d) জিঙ্কাইট
19. ইস্ট হল একপ্রকার
- a) ছত্রাক b) ব্যাক্টেরিয়া c) ভাইরাস d) পরজীবি
20. নিচের যেটি অন্যদের থেকে আলাদা সেটি হল
- a) ইউরিয়া b) ডাই অ্যামোনিয়াম ফসফেট
c) কার্বারিল d) অ্যামোনিয়াম সালফেট

21-25.	রাশি	একক
	ক) উষ্ণতা	i) কিলোগ্রাম
	খ) তড়িৎপ্রবাহ	ii) মোল
	গ) আলোর তীব্রতা	iii) কেলভিন
	ঘ) অণু-পরমাণুর পরিমাণ	iv) অ্যাম্পিয়ার
	ঙ) ভর	v) ক্যাডেলা

উপরের রাশি ও এককের মধ্যে সম্পর্ক নিরূপণ করে 21 থেকে 25 নং প্রশ্নের উত্তর চিহ্নিত করো

- | | | | | |
|-----|-------------|-------------|-------------|-------------|
| 21. | a) ক - i) | b) খ - ii) | c) গ - v) | d) ঘ - iv) |
| 22. | a) ঙ - v) | b) ক - i) | c) খ - iv) | d) গ - iii) |
| 23. | a) ঘ - iv) | b) ঙ - v) | c) ক - iii) | d) খ - ii) |
| 24. | a) গ - iii) | b) ঘ - ii) | c) ঙ - v) | d) ক - i) |
| 25. | a) খ - ii) | b) গ - iii) | c) ঘ - iv) | d) ঙ - i) |

26. নিচের ঘটনাগুলির মধ্যে যেটিতে রাসায়নিক পরিবর্তন ঘটে সেটি হল

- | | |
|-------------------|---------------------|
| a) কয়লার দহন | b) বরফের গলন |
| c) জলের বাষ্পীভবন | d) লোহার চুম্বকীকরণ |

27. নিচে মানবদেহের যে অংশটি বুক ও পেটের মধ্যবর্তী অংশে অবস্থিত সেটি হল

- | | | | |
|---------------|--------------|-------------|-----------|
| a) পঞ্জর পেশী | b) মধ্যচ্ছদা | c) হৃদপিণ্ড | d) ফুসফুস |
|---------------|--------------|-------------|-----------|

28. হৃদপিণ্ডের চারটি প্রকোষ্ঠের মধ্যে সবচেয়ে বড়োটি হল

- | | | | |
|--------------|---------------|--------------|---------------|
| a) ডান নিলয় | b) ডান অলিন্দ | c) বাম নিলয় | d) বাম অলিন্দ |
|--------------|---------------|--------------|---------------|

29. একটি গৌণ জোয়ার ও পরবর্তী মুখ্য জোয়ারের মধ্যে সময় অতিবাহিত হয়

- | | |
|----------------------|----------------------|
| a) 12 ঘন্টা | b) 12 ঘন্টা 26 মিনিট |
| c) 12 ঘন্টা 30 মিনিট | d) 11 ঘন্টা 54 মিনিট |

30.নীচে বিযুক্ত গ্যাসটি হল

- a) নাইট্রোজেন b) হাইড্রোজেন
c) কার্বন মনোক্সাইড d) কার্বন ডাইঅক্সাইড

31. 2 এর চেয়ে বড়ো সকল যুগ্ম সংখ্যা হল

- a) যৌগিক সংখ্যা b) পূর্ণসংখ্যা
c) মৌলিক সংখ্যা d) আবৃত্ত দশমিক সংখ্যা

32. 18 এবং 27 এর সাধারণ উৎপাদকগুলো হল

- a) 1, 3, 18 b) 1, 3, 9 c) 3, 9, 18 d) 1, 3, 6

33. নিচে যেটির ত্রিমাত্রিক আকার আছে সেটি হল

- a) বর্গক্ষেত্র b) বৃত্ত c) ঘনক d) ত্রিভুজ

34. দুটি নিরেট ঘনক ও একটি নিরেট চোঙ ব্যবহার করে শিউলি একটি মডেল তৈরি করেছে। মডেল প্রস্তুতিতে ব্যবহৃত বস্তুগুলির মোট তলের সংখ্যা হল

- a) 14 b) 12 c) 11 d) 15

35. একটি বক্রতল, একটি কিনারা ও একটি শীর্ষবিন্দুযুক্ত ঘনবস্তু হল

- a) চোঙ b) ঘনক c) শঙ্কু d) বৃত্ত

36. 5, 78, 21, 349 সংখ্যাটিতে 7 এর স্থানীয় মান হল

- a) 70,00,000 b) 7,00,000 c) 7,00,00,000 d) 70,000

37. 2, 7, 0, 5, 6, 4, 3, 8, 1 এর মধ্য থেকে প্রত্যেক অঙ্ক মাত্র একবার ব্যবহার করে গঠিত নয় অঙ্কের বৃহত্তম এবং আট অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যার যোগফল হবে

- a) 87,65,43,210 b) 88,75,44,210
c) 99,99,999 d) 88,65,43,210

38. রিয়া একটি কেকের $\frac{3}{8}$ অংশ এবং তার ভাই ওই কেকের $\frac{2}{8}$ অংশ খেলো।

কেকটির যত ভগ্নাংশ অবশিষ্ট থাকবে তা হল

- a) $\frac{5}{8}$ b) $\frac{7}{8}$ c) $\frac{1}{8}$ d) $\frac{3}{8}$

39. x মিটার লম্বা একটি ফিতাকে কেটে চারটি সমান দৈর্ঘ্যের টুকরো করা হল।
মিটার এককে প্রতি টুকরোর দৈর্ঘ্য হবে

- a) (x - 4) b) $\frac{x}{4}$ c) (100x - 4) d) $(\frac{x}{4}) \times 100$

40. আমার কলমের মূল্য y টাকা, মিহিরের কলমের মূল্য আমার কলমের মূল্যের
চেয়ে 16 টাকা বেশি এবং সুমনের কলমের মূল্য মিহিরের কলমের মূল্যের
চেয়ে 4 টাকা কম হলে সুমনের কলমের মূল্য হবে

- a) (y + 12) টাকা b) (y + 18) টাকা
c) (y + 14) টাকা d) (y - 4) টাকা

41. চারটি অসমরেখ বিন্দুর মধ্যে দিয়ে যে সংখ্যক সরলরেখাংশ আঁকা যায় তার
সংখ্যা হল

- a) 6 b) 5 c) 7 d) 8

42. একটি বর্গাকার মাঠের ক্ষেত্রফল 625 ব. মিটার। প্রতি মিটার 10 টাকা হিসাবে
ওই মাঠের চারদিকে বেড়া দিতে খরচ হবে

- a) 6250 টাকা b) 1350 টাকা c) 62 টাকা d) 1000 টাকা

43. 1 থেকে 10 পর্যন্ত পূর্ণ সংখ্যাগুলির কত অংশ মৌলিক সংখ্যা?

- a) $\frac{5}{10}$ b) $\frac{4}{10}$ c) $\frac{2}{10}$ d) $\frac{3}{10}$

44. AB একটি 12 সেমি দীর্ঘ সরলরেখাংশ। AB এর ওপরে P এমন একটি বিন্দু
যাতে AP : BP = 1 : 2 হয়। সেমি এককে AP এর দৈর্ঘ্য হবে

- a) 6 b) 3 c) 4 d) 8

45. একটি 47° কোণ আঁকার জন্য তোমাকে ব্যবহার করতে হবে

- a) একটি চাঁদা ও একটি স্কেল b) একটি কম্পাস ও একটি স্কেল
c) একটি কম্পাস ও একটি ডিভাইডার d) একটি চাঁদা ও একটি ডিভাইডার

46. আমার বাড়ি থেকে আমার স্কুলের দূরত্ব 3 কিমি 400 মিটার। সাইকেলে চড়ে
ঘণ্টায় 10.2 কিমি গতিতে বাড়ি থেকে স্কুলে যেতে সময় লাগবে

- a) 30 মিনিট b) 20 মিনিট c) 40 মিনিট d) 50 মিনিট
47. ছব্ব এক আকারের দুটি ঘনককে পাশাপাশি রেখে আঠা দিয়ে জুড়ে দিলে যে ঘনবস্তুটি পাওয়া যাবে তার তলসংখ্যা হবে
- a) 5 b) 7 c) 12 d) 6
48. 40 এবং 60 এর মধ্যে যে সংখ্যাগুলি 9 এর গুণিতক তারা হল
- a) 48, 54 b) 45, 54 c) 45, 57 d) 42, 54
49. 2.3, 2, 2.33 এবং 2.09 - এদের মধ্যে সবচেয়ে বড়ো সংখ্যাটি হল
- a) 2.3 b) 2 c) 2.33 d) 2.09
50. নীচের ক্ষুদ্রতম মৌলিক সংখ্যাটি হল
- a) 1 b) 4 c) 3 d) 2
51. $(\frac{6}{7})$ এর তিন গুণের সঙ্গে যে সংখ্যা যোগ করলে $2\frac{6}{7}$ পাওয়া যাবে তা হল
- a) $\frac{3}{7}$ b) $\frac{5}{7}$ c) $\frac{2}{7}$ d) $\frac{1}{7}$
52. P) 3.5, 70, 2, 40, Q) 45, 27, 15, 25 R) 11, 22, 36, 72
S) 12 কিমি, 8 কিমি, 1 ঘন্টা, 40 মিনিট
- উপরের চার সেট সংখ্যাগুচ্ছের মধ্যে যে সেটটির সংখ্যাগুলো সমানুপাতিক নয় সেটি হল
- a) P এবং Q b) শুধু Q c) R এবং S d) শুধু S
53. যে ক্ষুদ্রতম স্বাভাবিক সংখ্যা 432 এর সঙ্গে গুণ করলে গুণফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে তা হল
- a) 7 b) 6 c) 3 d) 8
54. যদি 5 এবং x এর অন্তরফল ধনাত্মক হয় তবে
- a) $x = 5$ b) $x < 5$ অথবা $x > 5$
c) $x > 5$ d) $x < 5$
55. ABC একটি সমকোণী ত্রিভুজ যার $\angle B = 90^\circ$ । ত্রিভুজটির শীর্ষবিন্দুগুলি থেকে বিপরীত বাহুগুলোর উপর লম্ব আঁকা হলে তারা মিলিত হবে

- a) B বিন্দুতে b) A বিন্দুতে
 c) কোথাও নয় d) ত্রিভুজের বাইরে D বিন্দুতে
56. AB এবং BC দুটি সরলরেখা 125° কোণে মিলিত হয়েছে। সংশ্লিষ্ট প্রবৃদ্ধ কোণটির মান
 a) 305° b) 255° c) 225° d) 235°
57. তিনটি ধনাত্মক সংখ্যার ১ম ও ২য় সংখ্যার গুণফল 24, ২য় ও ৩য় সংখ্যার গুণফল 48 এবং ১ম ও ৩য় সংখ্যার গুণফল 32। সংখ্যা তিনটি যথাক্রমে
 a) 6, 3, 10 b) 4, 8, 12 c) 4, 6, 8 d) 4, 7, 8
58. একটি পেনসিল বাক্স থেকে 20% পেনসিল বার করে আমরা 17টি পেনসিল পেলাম। প্রথমেই বাক্সে পেনসিল ছিলো
 a) 85টি b) 68টি c) 102টি d) 119টি
59. স্কুলের অনুষ্ঠানে স্টেজ সাজানোর জন্য অমল, হাসিনা ও রোহিতের কাছে যথাক্রমে 22 মিটার দীর্ঘ লাল ফিতে, 24 মিটার 75 সেমি দীর্ঘ সবুজ ফিতে এবং 16 মিটার 50 সেমি দীর্ঘ হলুদ ফিতে আছে। নষ্ট না করে প্রতি বর্ণের ফিতে থেকে সবচেয়ে বড়ো যে দৈর্ঘ্যের টুকরো কাটা যাবে তা হল
 a) 2 মিটার 75 সেমি b) 3 মিটার 25 সেমি
 c) 3 মিটার 45 সেমি d) 3 মিটার 75 সেমি
60. a, b, c এবং d চারটি ধনাত্মক সংখ্যা। যদি a ও b এর গুণফল c ও d এর গুণফলের সঙ্গে সমান হয় তবে নিচে ঠিক সম্পর্কটি হবে
 a) $a/b = c/d$ b) $a/c = d/b$
 c) $(a + b)/2 = (c + d) / 2$ d) $a/b = d/c$

—::—